

যশোরে কমেছে পাসের হার ও জিপিএ-৫

অনলাইন ডেস্ক

২৮ জুলাই ২০২৩ ০২:৩৪ পিএম | আপডেট: ২৮ জুলাই ২০২৩ ০২:৩৪
পিএম

1
Shares



advertisement..

এসএসসি পরীক্ষার ফলাফলে এ বছর যশোর শিক্ষা বোর্ডে পাসের হার ও জিপিএ- ৫ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা কমেছে। এ বছর পাসের ৮৬.১৭ শতাংশ এবং জিপিএ- ৫ পেয়েছে ২০ হাজার ৬১৭ পরীক্ষার্থী। গতবছর পাসের হার ছিল ৯৫.১৭ শতাংশ এবং জিপিএ- ৫ পেয়েছিল ৩০ হাজার ৮৯২ জন। তবে পাসের হারে এগিয়ে রয়েছে মেয়েরা।

যশোর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক ড. বিশ্বাস শাহিন আহম্মদ শুক্রবার সকাল ১১টায় যশোর প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে এসএসসির ফলাফল প্রকাশ করেন।

advertisement

এ সময় তিনি বলেন, করোনাকালীন সময়ে সব বিষয়ে পরীক্ষা নেওয়া হয়নি এবং সময় কমিয়ে আনা হয়েছিল। এ কারণে পাসের হার বেশি ছিল। এ বছর সব বিষয়ে পরীক্ষা হওয়ায় পাসের হার কমেছে। করোনার আগে ২০২১ সালে যেমন পাসের হার ছিল ৮৭ শতাংশ। এবার ৮৬.১৭ শতাংশ।

যশোর শিক্ষা বোর্ডে এ বছর এসএসসি পরীক্ষার্থী ছিল ১ লাখ ৫৫ হাজার ৭৫৯ জন। এর মধ্যে পাস করেছে ১ লাখ ৩৪ হাজার ২১৩ জন। শতভাগ পাস করেছে ১৯৩টি শিক্ষা প্রতিষ্ঠান।

এ শিক্ষা বোর্ডের আওতাভুক্ত ১০ জেলার মধ্যে পাসের হারে এগিয়ে আছে সাতক্ষীরা। এ জেলায় পাসের হার ৯১.৯৬ শতাংশ। এরপর খুলনায় ৯০.২১, যশোর ৮৭.৫৩, বাগেরহাট ৮৬.০৬, কুষ্টিয়া ৮৫.২১, মেহেরপুর ৮৩.৭৩, চুয়াডাঙ্গা ৮৩.৪৫, মাগুরা ৮০.৯৮, ঝিনাইদহ ৮৩.০৪ ও নড়াইলে ৮০ শতাংশ।

কেউ পাস করেনি এমন শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা তিনটি। এগুলো হচ্ছে যশোরের শার্শা উপজেলার সাড়াতলা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, নড়াইলের মুলাদি তালতলা মাধ্যমিক বিদ্যালয় ও সাতক্ষীরার তালা উপজেলার উদয়ন সেকেন্ডারি স্কুল। এর মধ্যে সাড়াতলা বিদ্যালয়ে পরীক্ষার্থী ছিল ৮ জন, মুলাদি তাল তলায় ৩ জন ও উদয়ন সেকেন্ডারি স্কুলে ৪ জন।